

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৪১২

১/ বিবিধ

আরবী

إن في الجمعة لساعة لا يحتجم فيها أحد إلا مات  
موضوع

أخرجه أبو يعلى (317/2) : حدثنا جبارة: حدثنا يحيى بن العلاء عن زيد بن أسلم  
عن طلحة بن عبيد الله العقيلي عن الحسين بن علي مرفوعا  
قلت: وهذا إسناد موضوع، آفته يحيى بن العلاء، قال أحمد  
" كذاب يضع الحديث  
وقد ذكرت له فيما سبق غير ما حديث، منها  
" أحبوا العرب لثلاث.... " (360)  
وهو متفق على تضعيفه  
وتقدم أنفا قول البيهقي فيه: " متروك "، وفي حديثه هذا  
" ليس بشيء "  
ولذلك فقد أصاب ابن الجوزي بإيراده لهذا الحديث في " الموضوعات " بقدر ما  
أخطأ  
السيوطي في ذكره إياه في " الجامع الصغير " من رواية أبي يعلى. ولم يصنع شيئا  
بتعقبه ابن الجوزي بقوله في " اللآلي " (2/411) وتبعه ابن عراق في " تنزيه  
الشريعة " (2/359)  
قلت: له شاهد. قال البيهقي

ثم ساق الحديث الذي قبله، لأنه مع ضعفه، ليس فيه ذكر الموت، خلافا لهذا. فتأمل

বাংলা

১৪১২। জুম'আর দিবসে অবশ্যই এমন একটি সময় রয়েছে কেউ সে সময়ে শিঙ্গা লাগালেই সে মারা যাবে।

হাদীসটি বানোয়াট।

হাদীসটি আবু ইয়ালা (২/৩১৭) জাবারাহ হতে, তিনি ইয়াহইয়া ইবনুল আলা হতে, তিনি যায়েদ ইবনু আসলাম হতে, তিনি ত্বলহাহ ইবনু ওবায়দিলাহ ওকায়লী হতে, তিনি হুসায়েন ইবনু আলী (রাঃ) হতে, মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি বানোয়াট। এর সমস্যা হচ্ছে ইয়াহইয়া ইবনু আলা। তার সম্পর্কে ইমাম আহমাদ বলেনঃ তিনি মিথ্যুক, হাদীস জালকারী।

তার থেকে বর্ণিত হাদীস পূর্বে (৩৬০) আলোচিত হয়েছে। তার দুর্বল হওয়ার ব্যাপারে সকলেই একমত।

তার সম্পর্কে কিছু পূর্বে বাইহাকীর মন্তব্য আলোচিত হয়েছেঃ তিনি মাতরুক। তিনি এ হাদীসের ব্যাপারে কিছুই নন।

এ কারণেই ইবনুল জাওযী হাদীসটিকে তার "আলমওয়ুয়াত" গ্রন্থে উল্লেখ করে যে পরিমাণ ঠিক করেছেন সুযুতী "আলজামেউস সাগীর" গ্রন্থে তার সমপরিমাণ ভুল করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72291>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন